# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ চতুর্থ অধ্যায় - ভুলভ্রান্তি

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৪. ২. ৪. যীশুর পিতামাতার বৈৎলেহমে গমন

যীশুর মাতা মেরি এবং যোষেফ (ইউসুফ) গালীল প্রদেশের নাসরাত গ্রামের বাসিন্দা ছিলেন। (লূক ১/২৬-২৭, ২/১-৬)। লোকগণনার রাষ্ট্রীয় নির্দেশ পালনের জন্য যোষেফ গর্ভবর্তী মেরিকে নিয়ে বৈৎলেহমে গমন করেন। এ প্রসঙ্গে লূকের বক্তব্য:

“সেই সময়ে সম্রাট আগস্ত কৈসর (অগাস্টাস: Caesar Augustus) তাঁর রাজ্যের (সারা দুনিয়ার: all the world) সব লোকদের নাম লেখাবার আদেশ দিলেন। সিরিয়ার শাসনকর্তা কুরীনিয়ের সময়ে (Cyrenius was governor of Syria) এই প্রথমবার লোকগণনার জন্য নাম লেখানো হয়। নাম লেখাবার জন্য প্রত্যেকে নিজের নিজের গ্রামে যেতে লাগল। যোষেফ (ইউসুফ) ছিলেন রাজা দাউদের বংশের লোক। রাজা দাউদের জন্মস্থান ছিল যিহূদিয়া (এহুদা) প্রদেশের বৈৎলেহম গ্রামে। তাই যোষেফ নাম লেখাবার জন্য গালীল প্রদেশের নাসরত গ্রাম থেকে বৈৎলেহম গ্রামে গেলেন। মরিয়মও তাঁর সংগে সেখানে গেলেন। এঁরই সংগে যোষেফের বিয়ে ঠিক হয়েছিল। সেই সময় মরিয়ম গর্ভবতী ছিলেন এবং বৈৎলেহমে থাকতেই তাঁর সন্তান জন্মের সময় এসে গেল। সেখানে তাঁর প্রথম ছেলের জন্ম হল..।” (লূক ২/১-৭: পবিত্র বাইবেল-২০০০)।

ফিলিস্তিনের উত্তর প্রান্তের গালীল প্রদেশের নাসরত থেকে দক্ষিণ প্রান্তের যিহূদা প্রদেশের বৈৎলেহম বা বৈথলেহমের দূরত্ব প্রায় ৮০ মাইল। ট্যাক্সের জন্য নাম লেখাতে প্রত্যেককে নিজ গ্রামে যেতে হবে। এজন্য যোষেফ তাঁর ৪২ প্রজন্মের আগের পূর্বপুরুষ দাউদ, যিনি যোষেফের প্রায় হাজার বছর পূর্বে বৈৎলেহম গ্রামে জন্মগ্রহণ করেন, সে গ্রামে যেতে বাধ্য হলেন। এজন্য তিনি সে প্রাচীন যুগে পাহাড় পর্বতের দুর্গম পথ বেয়ে ৮০ মাইল পথ পাড়ি দিলেন। আবার গর্ভবতী স্ত্রীকেও সাথে নিতে বাধ্য হলেন, যে স্ত্রী গর্ভের শেষ পর্যায়ে রয়েছে এবং যে কোনো সময় সন্তান প্রসব করতে পারেন! বিষয়টা কি সত্য? আধুনিক বাইবেল বিশেষজ্ঞরা নিশ্চিত করেছেন যে, এ গল্পটা ভিত্তিহীন।

নিম্নের বিষয়গুলো বিবেচনা করুন:

(ক) লূক দাবি করেছেন যে, অগাস্টাস সারা বিশ্বের বা তার রাজ্যের সব লোকের গণনার নির্দেশ প্রদান করেন। তাঁর কথাটা ভুল। সারা দেশের লোকগণনার কোনো আদেশ সিজার অগাস্টাসের সময়ে জারি করা হয়েছিল বলে ঐতিহাসিকভাবে জানা যায় না। শুধু সিরিয়া ও জুডিয়া (এহুদা) প্রদেশের লোকগণনা করা হয়েছিল।

(খ) ট্যাক্সের জন্য লোকগণনায় মানুষদেরকে নিজ গ্রাম বা নিজ জন্মস্থানে যাওয়ার কোনো নির্দেশনা রোমান আইনে পাওয়া যায় না। বরং নাগরিকরা যে যেখানে বসবাস করতেন সেখানেই নাম লিখাতেন।

(গ) প্রাচীন কালে নাগরিকরা ট্যাক্স দেওয়ার জন্য নিজ গ্রামে যেতেন না; বরং ট্যাক্স সংগ্রাহকরা নাগরিকদের গ্রামে যেয়ে ট্যাক্স নিতেন।

(ঘ) এরূপ গণনায় মহিলাদের উপস্থিতির কোনো প্রয়োজন ছিল না। প্রয়োজনে স্বামী বা পিতা তার তথ্য প্রদান করতেন। সে যুগে ও সে সমাজে মহিলাদের কোনোরূপ অর্থনৈতিক স্বাতন্ত্র্য ছিল না এবং এরূপ গণনায় তারা ধর্তব্য ছিলেন না।

(ঙ) কুরীনিয় সিরিয়া ও যুডিয়া প্রদেশের গভর্নর ছিলেন। গালীল প্রদেশ তার দায়িত্বাধীন ছিল না। গালীল মূলত রোমান প্রদেশ ছিল না; বরং স্বাধীন ছিল। আইনগত বা নৈতিকভাবে গালীল থেকে যুডিয়ার বৈৎলেহমে যেয়ে গণনায় অংশ নেওয়ার কোনো দায়িত্ব যোষেফের ছিল না।

(চ) যোষেফের প্রায় হাজার বছর পূর্বের পূর্বপুরুষ দাউদ। স্বভাবতই যোষেফের সময়ে দাউদের হাজার হাজার উত্তর পুরুষ যোষেফের মতই ফিলিস্তিনের বিভিন্ন স্থানে বসবাস করতেন। তারা সকলেই কি বৈৎলেহমের মত ছোট্ট গ্রামে যেয়ে নাম লেখিয়েছিলেন?[1]

প্রসিদ্ধ বাইবেল বিশেষজ্ঞ প্রফেসর এড প্যারিশ স্যান্ডার্স লেখেছেন:

“According to Luke’s own genealogy (3-23-38), David had lived forty-two generations before Joseph. Why should Joseph have had to register in the town of one of his ancestor forty-two generations earlier? What was Augustus-the most rational of Caesars- thinking of? The entirety of the Roman empire would have been uprooted by such a decree. ... Further, David doubtless had tens of thousands of descendants who were alive at the time. Could they all identify themselves? If so, how would they all register in a little village?”

“লূকের নিজের দেওয়া বংশবৃত্তান্ত অনুসারে (লূক ৩/২৩-৩৮) যোষেফের ৪২ প্রজন্ম পূর্বের মানুষ দাউদ। যোষেফকে কেন ৪২ পুরুষ পূর্বের একজন পূর্বপুরুষের গ্রামে যেয়ে নাম লেখাতে হবে? অগাস্টাস ছিলেন রোমান শাসকদের মধ্যে সবচেয়ে জ্ঞানী ও বিবেকবান শাসক। তিনি কিভাবে এরূপ বিষয় চিন্তা করতে পারলেন? এরূপ কোনো নির্দেশ দিলে তো পুরো রোমান সাম্রাজ্যই মূলোৎপাটিত হয়ে যেত। ... উপরন্তু এ নির্দেশ জারির সময়ে দাউদের হাজার হাজার উত্তরপুরুষ জীবিত ছিল। তারা সকলেই কি তাদের পূর্বপুরুষদের পরিচয় জানতেন? জানলে কিভাবে একটা ছোট্ট গ্রামের মধ্যে তারা সকলে নাম লেখালেন?”[2]

বর্তমানে অনেক বাইবেল বিশেষজ্ঞই মনে করেন যে, নাম লেখাতে বৈৎলেহমে যাওয়ার এ কাহিনীটা বানোয়াট। যে যুগের ইহুদিদের বিশ্বাস ছিল যে, প্রতিশ্রুত মসীহ দাউদের বংশধর হবেন এবং বৈৎলেহমের জন্মগ্রহণ করবেন। যীশু গালীলের নাসরতে জন্মগ্রহণ করেন এবং বসবাস করতেন। নাসরতীয় যীশুকে বৈৎলেহমীয় বানানোর জন্যই এ গল্পের অবতারণা। সম্ভবত লূক বা এ গল্পের উদ্ভাবনকারী কুরীনিয় কর্তৃক সিরিয়া ও যুডিয়ার লোকগণনার বিষয়টা জানতেন। ইচ্ছাকৃত কিন্তু ত্রুটিযুক্তভাবে এ কাহিনীটা ব্যবহার করে তিনি তার তথ্যগুলোকে গুলিয়ে ফেলেছেন।[3]

## ফুটনোট

[1] Brown, D. L. The Birth of the Messiah: A commentary on the Infancy Marratives in the

Gospels of Matthew and Luke (1993), Doubleday; New York, p 549; Louay Fatoohi, The Mystery of the Historical Jesus (2009), p 260-262. Miller, R. J. (2003) Born Divine: The Births of Jesus and Other Sons of God, Polebridge Press, California. p 57; Sanders, E. P. The Historical Figure of Jesus (1995) Penguin Books, England, p 87; Rhys, J. (2003) Shaken Creeds: The Virgin Birth Doctrine, R. A. Kessinger Publishing, Montana, p 95.
[2] Sanders, E. P. The Historical Figure of Jesus (1995) Penguin Books, England, p 86.
[3] Louay Fatoohi, The Mystery of the Historical Jesus (2009), p 263.

Source — https://www.hadithbd.com/books/link/?id=14166

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন